গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সচিবালয় অধিশাখা
www.mopa.gov.bd

**সরকারি কর্মচারীদের দাবী-দাওয়া সংক্রান্ত আবেদন/প্রস্তাবসমূহ পর্যালোচনা বিষয়ক স্থায়ী কমিটির ০৯/০২/২০২৫ তারিখ (রবিবার) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ বাবুল মিঞা, অতিরিক্ত সচিব ও সভাপতি, সরকারি কর্মচারীদের দাবী-দাওয়া পর্যালোচনা সংক্রান্ত স্থায়ী কমিটি। |
| সভার স্থান | : | সভাপতির অফিস কক্ষ (ভবন নং-০১ কক্ষ নং-২২১, ৩য় তলা, বাংলাদেশ সচিবালয়) । |
| সভার তারিখ ও সময় | : | ০৯/০২/২০২৫ তারিখ (রবিবার) সকাল ১০:৩০ ঘটিকা। |
| সভার উপস্থিত সদস্যগণের তালিকা | : | (১) জনাব মোঃ শাহ আলম, যুগ্মসচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়<br>(২) জনাব মোহাম্মদ শামীম সোহেল, যুগ্মসচিব (বিধি-১ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়<br>(৩) জনাব মোঃ আবদুর রউফ মিয়া, যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়<br>(৪) মিজ হাফসা বেগম, যুগ্মসচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>(৫) জনাব মোঃ তৌফিক ইমাম, যুগ্মসচিব, (প্রশাসন -১ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়<br>(৬) জনাব মোঃ রায়হান আখতার, যুগ্মসচিব, সওব্য-২ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়<br>(৭) মিজ কাউসার নাসরীন, যুগ্মসচিব, অর্থবিভাগ<br>(৮) জনাব মোহাম্মদ সাইফুল হাসান উপসচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার প্রেক্ষাপট আলোচনাপূর্বক কার্যপত্র অনুযায়ী সভার আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব জনাব মোঃ আবদুর রউফ মিয়া, যুগ্মসচিব, সচিবালয় ও কল্যাণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় কার্যপত্র অনুযায়ী সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

সদস্য সচিব অবহিত করেন যে, সরকারি কর্মচারীদের দাবী-দাওয়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশ প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহোদয়-এর সভাপতিত্বে ৭ (সাত) সদস্যের একটি কমিটি বিদ্যমান রয়েছে। কমিটির গঠন ও কার্যপরিধি নিম্নরূপ:

**(ক) কমিটি গঠন:**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (সংগঠন ও ব্যবস্থাপনা), জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (বিধি), জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | যুগ্মসচিব (ব্যয় নিয়ন্ত্রণ) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | যুগ্মসচিব (প্রশাসন), সংশ্লিষ্ট মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | যুগ্মসচিব (সচিবালয় ও কল্যাণ), জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**(খ) কমিটি কার্যপরিধি:**

সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সুপারিশসহ উক্ত মন্ত্রণালয়ের মাধ্যমে প্রাপ্ত সরকারি কর্মচারীর যৌক্তিক দাবী-দাওয়া পরীক্ষা-নিরীক্ষা করে চাকরি সংক্রান্ত বিষয়াদি সম্পর্কে মতামত ও সুপারিশ প্রদান।

২। সভায় অবহিত করা হয়, সরকারি কর্মচারীদের দাবী-দাওয়া সংক্রান্ত প্রাপ্ত ৭টি আবেদন/প্রস্তাব পর্যালোচনা ও পরীক্ষা-নীরিক্ষাপূর্বক মতামত/সুপারিশ প্রণয়নের নিমিত্ত সভায় উপস্থাপন করা হয়। সভার আলোচনা/পর্যালোচনা ও সুপারিশ নিম্নরূপ:

| প্রতিষ্ঠান | মূল বেতন | কর্মদিবস | কর্মঘন্টা | প্রতি ঘন্টার হার (টাকা) | অতিরিক্ত ঘন্টা | অধিকাল ভাতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| বিচার বিভাগের গাড়িচালক | ৯৭০০/- | ২২ দিন | ৮ ঘন্টা | ৫৫.১১ | ২৫০ | ১৩,৭৭৭/- | মূল বেতনের তুলনায় ৪২% বেশি |
| ৯৭০০+৩০=৪৪০.০৯+৮=৫৫.১১×২৫০=১৩,৭৭৭/- [১৩৭৭৭-৯৭০০=৪০৭৭/- | | | | | | | |
| বাংলাদেশ বেতারের গাড়িচালক তথ্য মন্ত্রণালয় | ৯৭০০/ | ৩০ দিন | ৮ ঘন্টা | ৪০.৪১ | ১৫০×২=৩০০ | ১২,১২৩/- | মূল বেতনের তুলনায় ২২% বেশি |
| ৯৭০০+৩০=৩২৩.৩৩+৮=৪০.১×৩০০ = ১২১২৩/- | | | | | | | |
| সরকারি যানবাহনের গাড়িচালক | ৯৭০০/ | ৩০ দিন | ৮ ঘন্টা | ৪০.৪১ | ২৫০ | ১০,১০৪ | - |
| ৯৭০০+৩০=৩২৩.৩৩+৮=৪০.১× ২৫০ = ১০,১০৪/- | | | | | | | |

মহামান্য হাইকোর্ট ও সুপ্রীম কোর্টের গাড়িচালকগণ অবকাশকালীন এবং সাপ্তাহিক ছুটির দিনে দায়িত্ব পালনে বিরত থাকনে বিধায় তাদের ক্ষেত্রে আলাদা ২২ কর্মদিবস গণনা করে অধিকাল ভাতা নির্ণয় যুক্তিসঙ্গত। অপরদিকে বাংলাদেশ সরকারী গাড়িচালকগণ কোনো অবকাশকালীন কার্যালয়ে কর্মরত নন এবং তাদেরকে সাপ্তাহিক ছুটির দিনেও দায়িত্ব পালন করতে হয়। এ কারনে বাংলাদেশ সচিবালয়ের সরকারী গাড়িচালকগণের কর্মদিবস ৩০ দিন গণনা যৌক্তিক। এ দুই দপ্তরের কর্মদিবস ও কর্ম পদ্ধতি ভিন্ন হওয়ায় সরকারি গাড়িচালকদের অধিকালভাতার পার্থক্য বিদ্যমান। তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ বেতারে গাড়িচালকদেরকে ১৫০ ঘন্টার দ্বিগুন হারে অধিকালভাতা প্রদান করা হচ্ছে মর্মে আবেদনে উল্লেখ রয়েছে। উক্ত বিষয়ে সভা চলাকালীন বাংলাদেশ বেতারের দায়িত্বশীল একজন কর্মকর্তার নিকট মোবাইলে ফোনে বর্ণিত বিষয়ে হালনাগাদ তথ্যাদি অনুসন্ধান করা হয়। ফোনালাপে প্রাপ্ত তথ্য এবং আবেদনে উল্লিখিত তথ্যের গরমিল পরিলক্ষিত হওয়ায় অধিকাল ভাতার যৌক্তিকতা নিরুপণকল্পে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সহ স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন প্রদান করার জন্য বাংলাদেশ যানবাহন অধিদপ্তরকে অনুরোধ জানানোর বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

**১.২। সুপারিশঃ** সরকারি গাড়িচালকদের অধিকাল ভাতার হার পুনর্নির্ধারণের লক্ষ্যে অধিকাল ভাতার যৌক্তিকতা নিরুপণকল্পে সরকারি যানবাহন অধিদপ্তর কর্তৃক প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন প্রেরণ করতে হবে এবং প্রাপ্ত প্রতিবেদন কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

**আলোচ্য বিষয়-০২:**

**আবেদনের বিষয়:** বাংলাদেশ সচিবালয়ের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে কর্মরত আই.সি.টি. কর্মকর্তাগণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে জ্যেষ্ঠতা তালিকা প্রণয়নপূর্বক পদোন্নতি ও পদায়ন

**আবেদনকারী:** জনাব এস এম সহিদ, মহাসচিব, গভর্নমেন্ট আই.সি.টি. অফিসার্স ফোরাম।

**২.১। আলোচনা:**

**২.১.১।** বাংলাদেশ সচিবালয়ের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে কর্মরত আই.সি.টি. কর্মকর্তাগণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে জ্যেষ্ঠতা তালিকা প্রণয়নপূর্বক পদোন্নতি ও পদায়ন সংক্রান্ত আবেদন এবং সংযুক্ত কাগজপত্রাদি সভায় উপস্থাপন করা হয়। বাংলাদেশ সচিবালয়ের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ-এর আইসিটি ইউনিট/সেল/অধিশাখা/শাখা-এ ৯ম গ্রেড এবং তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা কর্মরত। সমন্বিত জ্যেষ্ঠতা অনুসরণের সুযোগ না থাকায় কোন কোন মন্ত্রণালয়/বিভাগের আইসিটির শূন্য পদে ফিডার পদধারী কর্মকর্তাগণ পদোন্নতিযোগ্য হওয়ার সাথে সাথে পদোন্নতি পাচ্ছেন অথচ অন্য মন্ত্রণালয়/বিভাগে তার থেকে অনেক জ্যেষ্ঠ কর্মকর্তা পদোন্নতি হতে বঞ্চিত হচ্ছেন। উক্ত বৈষম্য নিরসন করে বাংলাদেশ সচিবালয়ের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে কর্মরত আইসিটি কর্মকর্তাগণের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রিয়ভাবে জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন এবং তদানুযায়ী পদোন্নতি ও পদায়নের জন্য আবেদনে অনুরোধ জানানো হয়েছে।

**২.১.২।** সভায় অবহিত করা হয় যে, কোন কোন মন্ত্রণালয়/বিভাগে ৬ষ্ঠ গ্রেড বা তদূর্ধ্ব পদ শূন্য থাকলেও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পদোন্নতিযোগ্য প্রার্থী না থাকায় পদোন্নতি প্রদান করা যাচ্ছে না। যেমন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট (৫ম গ্রেড) ও প্রোগ্রামার (৬ষ্ঠ গ্রেড) পদদুটি ২০১৭ খ্রি. হতে শূন্য, মহিলা ও শিশু বিষয়ক

মন্ত্রণালয় সিস্টেম এনালিস্ট (৫ম গ্রেড) পদটি ২০১৭ খ্রি. হতে শূন্য রয়েছে। পদগুলো দীর্ঘদিন শূন্য থাকায় দাপ্তরিক কাজ ব্যাহত হচ্ছে। অপরদিকে কেন্দ্রিয়ভাবে জ্যেষ্ঠতা তালিকা অনুযায়ী পদোন্নতি ও পদায়নের সুযোগ না থাকায় অনেক মন্ত্রণালয়/বিভাগের ফিডারপদভুক্ত আইসিটি কর্মকর্তাগণ পদোন্নতির যোগ্যতা অর্জন করা সত্ত্বেও ১১/১২ বছর বা তার অধিককাল ফিডার পদে চাকরি করে ও পদোন্নতির সুযোগ পাচ্ছেন না। যেমন স্থানীয় সরকার বিভাগের সহকারী প্রোগ্রামার ০১/০৭/২০১২ খ্রি. হতে একই পদে কর্মরত রয়েছেন।

২.১.৩। 'মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮' অনুযায়ী সম্প্রতি বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রণালয় ও বিভাগের হিসাব কোষের 'হিসাবরক্ষণ কর্মকর্তা'-এর শূন্য পদে পদোন্নতি ও পদায়ন কেন্দ্রীয়ভাবে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক পরিচালনার বিষয়ে সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে আদেশ জারি করা হয়েছে এবং তদানুযায়ী হিসাবরক্ষণ কর্মকর্তা'-এর শূন্য পদে পদোন্নতি ও পদায়ন কেন্দ্রীয়ভাবে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক পরিচালনা করা হচ্ছে। অনুরূপ বাংলাদেশ সচিবালয়ের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে কর্মরত ৯ম এবং তদূর্ধ্ব গ্রেডের আইসিটি কর্মকর্তাদের পদোন্নতি ও পদায়ন কেন্দ্রীয়ভাবে একক মন্ত্রণালয়ের আওতায় পরিচালনা করা হলে সৃষ্ট বৈষম্য দূরীভূত হবে মর্মে মতামত ব্যক্ত করা হলে উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

২.১.৪। তবে, বাংলাদেশ সচিবালয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে কর্মরত আইসিটি কর্মকর্তাগণের জন্য ৯ম ও তদূর্ধ্ব পর্যায়ের একাধিক পদে একক মন্ত্রণালয়ের অধীনে কেন্দ্রীয়ভাবে জ্যেষ্ঠতা তালিকা প্রনয়ণপূর্বক পদোন্নতি ও পদায়ন করা হলে কিভাবে ও কোন পদ্ধতিতে পরিচালনা করা হবে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের প্রতিষ্ঠানসমূহে সমগ্রেডের আইসিটি কর্মকর্তাদের পদোন্নতি ও পদায়নের ক্ষেত্রে কোনো জটিলতার উদ্ভব হয় কিনা এ বিষয়টি পর্যালোচনা প্রয়োজন।

২.২। সুপারিশ: বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে কর্মরত আইসিটি কর্মকর্তাগণের জন্য ৯ম ও তদূর্ধ্ব পর্যায়ের একাধিক পদে একক মন্ত্রণালয়ের অধীনে কেন্দ্রীয়ভাবে জ্যেষ্ঠতা তালিকা প্রনয়ণপূর্বক পদোন্নতি ও পদায়ন করা হলে কিভাবে ও কোন পদ্ধতিতে পরিচালনা করা হবে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের প্রতিষ্ঠানসমূহে সমগ্রেডের আইসিটি কর্মকর্তাদের পদোন্নতি ও পদায়নের ক্ষেত্রে কোনো জটিলতার উদ্ভব হয় কিনা এ বিষয়টি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশ সম্বলিত প্রতিবেদন প্রদানের জন্য নিম্নরূপ একটি উপ-কমিটি গঠণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আবদুর রউফ মিয়া, যুগ্মসচিব (সচিবালয় ও কল্যাণ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২. | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৩. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একজন একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৪. | জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৫. | মোসা: তাসলিমা আলী, উপসচিব (সচিবালয় শাখা), জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**আলোচ্য বিষয়-০৩: আবেদনের বিষয়বস্তু:**

**আবেদনের বিষয়:** বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থাসমূহের প্রধান সহকারী, উচ্চমান সহকারী পদসমূহ সচিবালয়ের ন্যায় পদবি পরিবর্তনসহ বেতন স্কেল ১০ গ্রেডে উন্নীতকরণ

**আবেদনকারী:** জনাব আবু নাসির খান, সভাপতি বাংলাদেশ প্রশাসনিক কর্মকর্তা বাস্তবায়ন ঐক্য পরিষদ

**৩.১। আলোচনা:**

৩.১.১। বাংলাদেশ প্রশাসনিক কর্মকর্তা বাস্তবায়ন ঐক্য পরিষদ এর পক্ষ হতে দাখিলকৃত 'বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থাসমূহের প্রধান সহকারী, উচ্চমান সহকারী পদসমূহ সচিবালয়ের ন্যায় পদবি পরিবর্তনসহ বেতন স্কেল ১০ গ্রেডে উন্নীতকরণ' সংক্রান্ত আবেদন এবং আবেদনের সাথে সংশ্লিষ্ট আনুষঙ্গিক তথ্যাদি সভায় উপস্থাপন করা হয়। সভায় জানানো হয় যে, প্রস্তাবিত দাবীর বিষয়টি দাবী-দাওয়া সংক্রান্ত স্থায়ী কমিটির পূর্ববর্তী বিভিন্ন সভায় উপস্থাপন ও আলোচনা হয়েছে। অত্র কমিটির গত ২৮/০৭/২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নরূপ সুপারিশ গৃহীত হয়:

"সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের বিদ্যমান প্রধান সহকারী, উচ্চমান সহকারী ও সমমান পদসমূহের পদ-পদবি পরিবর্তনের বিষয়ে স্ব স্ব দপ্তর/সংস্থার মাধ্যমে যৌক্তিকতাসহ সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগে আবেদন